26 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# জামালপুরে প্রাথমিক বিদ্যালয়ের ৪৮০ শিক্ষক বেতন পাচ্ছেন না

■ এসএম হালিম দুলাল, জামালপুর প্রতিনিধি

জামালপুর জেলার ৭টি উপজেলায় ৪৮০ জন শিক্ষক দীর্ঘদিন যাবৎ বেতন পাচ্ছেন না। ফলে পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন ওই শিক্ষকরা। আসছে ঈদেও তাদের জন্য নেই কোনো খুশির খবর।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ২০১৪ সালের জুলাই মাসে দ্বিতীয় ধাপে এবং ২০১৫ সালের জানুয়ারি মাসে তৃতীয় ধাপে সারা দেশের ন্যায় জামালপুর জেলায় ১২০টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করা হয়। বর্তমানে এসব বিদ্যালয়ে ৪ জন করে মোট ৪৮০ জন শিক্ষক কর্মরত আছেন। সরকারি নিয়মানুযায়ী বিদ্যালয়ের সকল কাজকর্ম পরিচালিত হলেও এসব শিক্ষকদের গেজেটভুক্ত করা হয়নি। ফলে সরকারি বেতন থেকে বঞ্চিত হয়ে তারা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন।

এ ব্যাপারে চরপাকেরদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সামিউল হক, বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক আসাদুজ্জামান এবং নলছিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক রফিকুল ইসলাম আক্ষেপ করে বলেন, আমাদের শিক্ষা প্রতিষ্ঠান সরকারিকরণ করা হয়েছে, শিক্ষার্থীরা সরকারি স্কুলে পড়ালেখা করছে, শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে অথচ আমরা কর্মরত শিক্ষকগণ সরকারি চাকরিজীবী হতে পারিনি।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আব্দুল আলীমের কাছে এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, কর্মরত শিক্ষকদের এখনও গেজেটভুক্তি না করায় তারা বেসরকারি রয়ে গেছেন। তাই তাদের বেতন দেওয়া যাচ্ছে না। গেজেটভুক্তি করা হলে বেতন দেওয়া সম্ভব হবে বলে তিনি জানিয়েছেন।